

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান প্রকৌশলীর কার্যালয়

গণপূর্ত অধিদপ্তর

হিসাব শাখা-১

পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

www.pwd.gov.bd



নিম্নলিখিত প্রকৌশলীর কার্যালয় পূর্ত ভবন, সেগুনবাগিচা-১, ঢাকা।			
তারিখ: ২০/৬/২৩	সংস্করণ: ৩		
সংস্করণ: ৩	সংস্করণ: ৩		
সংস্করণ: ৩	সংস্করণ: ৩		
সংস্করণ: ৩	সংস্করণ: ৩		
সংস্করণ: ৩	সংস্করণ: ৩		

স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.১২৭.২২.৪৩০

তারিখ: ২৩ জ্যৈষ্ঠ ১৪৩০

০৬ জুন ২০২৩

বিষয়: ২০২২-২০২৩ আর্থিক সালে "দেশের বিভিন্ন জেলায় জেলা রেজিস্ট্রি ও সাব-রেজিস্ট্রি অফিস ভবন নির্মাণ (২য় পর্যায়)" (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের অনুকূলে ১ম ও ২য় কিস্তির অবমুক্তকৃত অর্থের অবশিষ্ট অর্থ বরাদ্দ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে, বর্ণিত প্রকল্পের কাজে চলতি ২০২২-২০২৩ আর্থিক সালে খরচ করার জন্য ১ম ও ২য় কিস্তিতে অবমুক্ত অর্থের অবশিষ্ট অর্থ হতে মোট= ১০২২.৫৩ লক্ষ (দশ কোটি বাইশ লক্ষ তিপান্ন হাজার) টাকা মাত্র সংযুক্ত সংলগ্নী "ক", এর বিভাজন মোতাবেক বরাদ্দ করা হলো।

উক্ত খরচ প্রকল্প পরিচালক ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত প্রকল্প সার্কেল-২, ঢাকার স্মারক নং-৩১৫ তারিখ-০৭/০৫/২০২৩ খ্রিঃ এর মাধ্যমে প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট মঞ্জুরীকৃত মোট= ১০২২.৫৩ লক্ষ টাকা উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-১৮, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের কোড নং-৫-১২১০১০১-২২৪০০৭৪০০-৩১১১৩৩২, ৩২৫৫১০৫, ৩২৫৮১০৭, ৩২২১১০৫, ৩২৫৫১০২, ৩২১১১২৫, ৪১১১২০১ এবং ৪১১২৩১৪ খাতসমূহে ২০২২-২০২৩ আর্থিক সালের বাজেট বরাদ্দ হতে সংকুলান/ বহন করতে হবে।

উক্ত খরচ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার যথাযথভাবে পালন/ পর্যবেক্ষণ পূর্বক খরচ করতে হবে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ করতে হবেঃ

শর্তঃ ১। সংশ্লিষ্ট কাজগুলোর ব্যয়ের তারতম্য পরীক্ষা-নিরীক্ষাপূর্বক এবং একই ধরনের কাজের ব্যয়ের একক হারের মধ্যে সামঞ্জস্য সাধন করতে হবে এবং দ্বৈততা পরিহারের বিষয়টি নিশ্চিত করতে হবে।

০২। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে Public Procurement Act (PPA), 2006 এবং Public Procurement Rules (PPR), 2008 (সর্বশেষ সংশোধনীসহ) এবং প্রচলিত আর্থিক বিধি-বিধান ও অন্যান্য নিয়মাবলী যথাযথভাবে প্রতিপালন করতে হবে।

৩। পরবর্তীতে এ অর্থ ব্যয়ের প্রকৃত হিসাব বিবরণী অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।

৪। আইটেম ওয়ারী ১০০% ভৌত অগ্রগতি সংশ্লিষ্ট কার্যালয় কর্তৃক সরেজমিনে বুঝে নিয়ে বিল পরিশোধ করবে এবং এ অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন প্রকার অনিয়ম উদ্ঘাটিত/ পরিলক্ষিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবেন।

৫। বরাদ্দকৃত অর্থ পৃষ্ঠাংকন পত্র প্রাপ্তি স্বাপেক্ষে ব্যয় করতে হবে।

সংযুক্তিঃ সংলগ্নী "ক", বর্ণনামতে ০১ (এক) পাতা।

৬-৬-২০২৩

মোঃ মাহাবুব হাসান

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়) (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২২২৩৩৮৮৯১৪

ইমেইল: se_coord@pwd.gov.bd

বিতরণ :

১) নির্বাহী প্রকৌশলী, গাজীপুর গণপূর্ত বিভাগ